

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
খাগড়াছড়ি পার্বত্য জেলা  
(নেজারত শাখা)  
www.khagrachhari.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.৪৬০০.০০৩.১১.০০১.২০-৬৫১

তারিখ : ২৯/০৮/২০২২খ্রি.

আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

খাগড়াছড়ি পার্বত্য জেলার জেলা প্রশাসকের কার্যালয় ও নবসৃষ্ট গুইমারা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নিম্নবর্ণিত পদে সাকুল্য বেতনে “আউট সোর্সিং” এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী স্বীকৃত প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা
১	ইলেকট্রিশিয়ান	০১ (এক) টি	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণি পাস, সরকার কর্তৃক কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ইলেকট্রিশিয়ান ট্রেড কোর্স (৬ মাস) সনদপত্র। অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।
২	প্লাম্বার	০১ (এক) টি	১৮-৩০ বছর	অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট বিষয়ে কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ৬ মাসের ট্রেড কোর্স পাশের সনদপত্র।
৩	প্রসেস সার্ভার	০১ (এক) টি	১৮-৩০ বছর	এসএসসি পাশ
৪	পরিচ্ছন্নতাকর্মী	০২ (দুই) টি	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণি পাশ
৫	নিরাপত্তা প্রহরী	০২ (দুই) টি	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণি পাশ

১। আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ছক অনুযায়ী প্রস্তাব দাখিল করতে হবে।

ক্রম	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মাসিক সাকুল্য বেতন	সর্বমোট

- নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোনো ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।
- জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ১৭ এবং ১৮ নম্বর গ্রেড অনুযায়ী সাকুল্য বেতন নির্ধারিত হবে।
- জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ২০২১-২০২২ অর্থবছরের আয়কর প্রদান সনদপত্র (TIN) থাকতে হবে এবং সরকারি প্রকল্পে জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন ও বাজেট প্রাপ্তির সাপেক্ষে নিয়োগ কার্যকর করা হবে।
- নিয়োজিত কর্মচারীকে ছুটির দিনে বা সরকারি অফিস সময়ের পরেও অতিরিক্ত দায়িত্ব পালন করতে হবে।
- সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
- আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোনো কর্মচারীর অদক্ষতা বা অন্য কোন কারণে সংশ্লিষ্ট অফিসের কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায় বহন করতে হবে।
- নির্বাচিত প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল থেকে নিয়মানুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন করা হবে।
- জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোনো পক্ষ ০১ (এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।
- নির্বাচিত আউটসোর্সিং প্রতিষ্ঠানের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদনের পরই নিয়োজিত জনবল কাজ শুরু করতে পারবে।
- আগ্রহী প্রতিষ্ঠানকে নিজস্ব প্যাডে নির্ধারিত ছক অনুসরণপূর্বক আগামী ১৪/০৯/২০২২খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত খামে প্রতিটি পদের ০১ (এক) মাসের দর উল্লেখ করে সত্যায়িত ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর প্রদানের সনদ ও অভিজ্ঞতা সনদ ইত্যাদিসহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের নেজারত শাখায় রক্ষিত দরপত্র বাস্তব দরপত্র/প্রস্তাব দাখিল করতে অনুরোধ করা হলো। একই তারিখে দুপুর ০১.০০ ঘটিকায় দরপত্র/প্রস্তাবসমূহ দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- যে কোন বা সকল দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং সর্বনিম্ন দরদাতার দরপত্র গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নয়।
- কর্তৃপক্ষ পদের সংখ্যা কম বা বেশী করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(প্রতাপ চন্দ্র বিশ্বাস)

জেলা প্রশাসক

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

ফোন-০২৩৩৩৩৪৩৮১১

e-mail: dckhagrachari@mopa.gov.bd